প্রকল্প উন্নয়ন ইউনিট

পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮- ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | বাংলাদেশ চা বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| ২ | উপক্রমণিকা (Preamble) | |
| ৩ | সেকশন-১ ঃ বাংলাদেশ চা বোর্ডের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | |
| ৪ | সেকশন-২ ঃ বাংলাদেশ চা বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | |
| ৫ | সেকশন-৩ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সুচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | |
| ৬ | সংযোজনী-১ ঃ শব্দ সংক্ষেপ (Acronyms) | |
| ৭ | সংযোজনী-২ ঃ কর্মসম্পাদন সূচকের মূল্য নির্ধারণ | |
| ৮ | সংযোজনী-৩ ঃ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ | |

## বাংলাদেশ চা বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the performance of the Bangladesh Tea Board)
### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ বাংলাদেশ চা বোর্ড দেশের চা শিল্পে উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে। যার ফলশ্রুতিতে এ শিল্পের দ্রুত উন্নয়ন ঘটছে। এদেশে ২০১৫ সালে ৬৭.৩৮ কেজি, ২০১৬ সালে ৮৫.০৫ মিঃ কেজি এবং ২০১৭ সালে ৭৮.৯৫ মিঃ কেজি চা উৎপাদন হয়েছে। ২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালে চা সম্প্রসারণ আবাদ হয়েছে যথাক্রমে ৬৪৭.২১ হেক্টর, ৮৯০.২০ হেক্টর এবং ৭১৬.৮৭ হেক্টর। একই সময়ে পুনঃ আবাদ হয়েছে যথাক্রমে ৮৫৮.৫৭ হেক্টর, ৭৯৪.৩৮ হেক্টর এবং ৭০৪.০৪ হেক্টর। এছাড়াও গত ৩ বছরে চা চারা ইনফিলিং করা হয়েছে যথাক্রমে ১,০৪,৬৫,৩৫৪টি, ১,৩৫,১২,৯১৯টি এবং ২,২১,০১,০০০টি।

চা উৎপাদন বৃদ্ধি এবং দারিদ্র বিমোচনের লক্ষ্যে বাংলাদেশ চা বোর্ড বিগত ০৩ (তিন) বছরে তিনটি প্রকল্প গ্রহণ করেছে। প্রকল্পগুলো ঃ ১। Extension of small Holding Tea Cultivation in Northern Bangladesh ২। Eradication of Rural Poverty by Extension of Small Holding Tea Cultivation in Lalmonirhat. ৩। Extension of Small Holding Tea Cultivation in Chittagong Hill Tracts. বর্তমানে এই প্রকল্প তিনটি চলমান অবস্থায় রয়েছে। বাংলাদেশ চা বোর্ড বাংলাদেশী চায়ের ব্রান্ডিং করার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে " বাংলাদেশ টি" নামে সিটিসি ব্লাকটি, অর্থোডক্স টি, গ্রীণ টি এবং সাতকড়া টি এর ব্রান্ডিং করা হয়েছে। তাছাড়া আরও ২৩ প্রকারের ভ্যালু এ্যাডেড টি পরীক্ষামূলক ভাবে তৈরী করা হয়েছে। "বাংলাদেশ টি" কে সাধারণ মানুষের কাছে পরিচিত এবং সহজলভ্য করার জন্য বাংলাদেশ চা বোর্ডের প্রধান কার্যালয়, চট্টগ্রাম এবং টি রিসোর্ট এন্ড মিউজিয়াম, শ্রীমঙ্গলে ১টি করে চা বিক্রয় ও প্রদর্শন কেন্দ্র চালু করা হয়েছে। তাছাড়া শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাতে ১টি প্রদর্শন ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ চা শিল্প বিনিয়োগের অভাবে তীব্র আর্থিক সংকটের সম্মুখীন। বিদ্যমান ব্যাংক ঋণের সুদের হার এত বেশি যে, বিনিয়োগের জন্য ঋণের মাধ্যমে তহবিল সংগ্রহ করা উৎপাদনকারীদের পক্ষে কঠিন হয়ে দাড়িয়েছে। চা চাষাধীন জমির মধ্যে প্রায় ১৬% অতিবয়স্ক, অলাভজনক চা এলাকা রয়েছ যার হেক্টর প্রতি বার্ষিক গড় উৎপাদন মাত্র ৪৮২ কেজি। এই অতিবয়স্ক চা এলাকার কারণেই হেক্টর প্রতি জাতীয় গড় উৎপাদন বৃদ্ধি করা দুস্কর হয়ে পড়েছে। তাছাড়া, চা বাগানের জমির মালিকানা বিরোধ, চা কারখানাগুলোতে গ্যাস সরবরাহের অভাব ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ঘাটতি এবং বিদ্যমান চা এলাকায় উচ্চহারে চা গাছের শূন্যতা (High Vacancy) এ শিল্পের উন্নয়নের পথে প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ চা শিল্পের উৎপাদন বৃদ্ধি করার সুযোগ, সামর্থ ও সম্ভাবনা রয়েছে। দেশের উত্তর অঞ্চলে এবং তিনটি পার্বত্য জেলায় ক্ষুদ্রায়তন চা চাষাবাদের মাধ্যমে চা চাষাধীন জমির পরিমাণ বৃদ্ধি করার জন্য প্রকল্প হাতে নেয়া হয়েছে। চা বাগানগুলোতে শূন্য স্থানে পুনরাবাদ, দক্ষ ব্যবস্থাপনায় বৈজ্ঞানিক চাষাবাদ ও উন্নতজাত রোপণ/সম্প্রসারণ আবাদের মাধমে ২০২৫ সাল নাগাদ চায়ের উৎপাদন ১৪০ মিলিয়ন কেজিতে উন্নীত করার লক্ষ্যে চা শিল্প উন্নয়নের পথনকশা" বাস্তবায়ন করার লক্ষ্যে চা বোর্ড কাজ করছে। দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে রপ্তানি বাজার সংরক্ষণের লক্ষ্যে ১৪০ মিলিয়ন কেজি চা উৎপাদনের জন্যে একটি বাস্তবধর্মী বিনিয়োগ প্রয়োজন।

২০১৮-২০১৯ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

১। ৬০০.০০ হেক্টর জমিতে চায়ের চাষ সম্প্রসারণ।
২। ৭২.০০ মিলিয়ন কেজি চা উৎপাদন।
৩। উত্তরবঙ্গ এবং বান্দরবানে ক্ষুদ্র চা চাষীদের জন্য অনুমোদিত ৩টি প্রকল্পের দ্রুত বাস্তবায়ন করা।
৪। ১২০টি চা বাগানের পরিবীক্ষণ ও মূল্যায়ন।
৫। ১০০ টি চা কারখানা পরিদর্শন।
৬। ৩টি ওয়ার্কশপ আয়োজন।
৭। ক্ষুদ্র চা চাষীদের জন্য ৫টি প্রশিক্ষণ কোর্স করা।
৮। বাগান ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপকদের জন্য ১০টি প্রশিক্ষণ মডিউল অনুষ্ঠান করা।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্চতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ডের মধ্যে ২০১৮ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিস্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

## বাংলাদেশ চা বোর্ড রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.১ রুপকল্প (Vision) ঃ দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে রপ্তানির জন্য অধিক চা উৎপাদন।

১.২ অভিলক্ষ্য (Mission) ঃ চা বাগানের চা চাষযোগ্য জমি চিহ্নিত করণ পূর্বক এর সর্বোচ্চ ব্যবহার করা, ক্ষুদ্র চা চাষে উৎসাহ প্রদান, চায়ের উৎপাদন বৃদ্ধি ও মনোনয়ন, চায়ের অভ্যন্তরীণ চাহিদা পূরণ ও চা রপ্তানির হারানো ঐতিহ্য পুনরুদ্ধার।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

১.৩.১ চা বোর্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. চা চাষ এলাকা সম্প্রসারণ ও চা উৎপাদন সহায়তা প্রদান;
২. চা বাগান পরিবীক্ষণ ও মূল্যায়ন; এবং
৩. চা শিল্পের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মনোনয়ন
৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

কার্যাবলি (Functions) ঃ

বাংলাদেশ সরকার তথা বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষে এ দেশের চা শিল্পকে উন্নয়ন ও নিয়ন্ত্রণের দায়িত্ব বাংলাদেশ চা বোর্ড পালন করে থাকে। চা বোর্ডের মূল কার্যাবলী নিম্নরুপঃ

১. চায়ের উৎপাদন ও রপ্তানি নিয়ন্ত্রণ, পরিচালনা ও বৃদ্ধি করা।
২. চায়ের বিক্রয় নিয়ন্ত্রণ ও পরিচালনা করা।
৩. বিভিন্ন প্রকার চায়ের গুণগতমান নির্ধারণ করা এবং চা আস্বাদনের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।
৪. চায়ের গুণগত মান উন্নয়নের জন্য ব্যবস্থা গ্রহণ করা।
৫. চা আবাদ ও চা শিল্পে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ গবেষণা কার্যক্রম গ্রহণ এবং সহায়তা করা।

সেকশন -২ ঃ

## চা বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব৷৷ (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচক সমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথ ভাবে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্ত সূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

# সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Obejectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Crieria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. চা চাষ এলাকা সম্প্রসারণ ও চা উৎপাদনে সহায়তা প্রদান | ৪০ | ১. উচ্চ ফলনশীল চায়ের চারা রোপণ এর মাধ্যমে এলাকা সম্প্রসরাণ | চা চাষ এলাকা সম্প্রসারিত | পরিমাণ (হেক্টর) | ৯ | ৫৮০ | ৭১৬.৮৭ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৬২০ | ৬৩০ |
| | | ২. রিপ্লানটিং | বয়স্ক চা প্রতিস্থাপন | সংখ্যা | ৯ | ৫৭০ | ৭১৪.০৪ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৬২০ | ৬৩০ |
| | | ৩. মাঠ পরিদর্শন ও চা সম্প্রসারণ বিষয়ে উদ্বুদ্ধকরণ সভা | সম্পাদিত পরিদর্শন ও উদ্বদ্ধকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৫ | | | | | | | | | |
| ২.[illegible] পরিবীক্ষন ও মূল্যায়ন | ১০ | ১. চা বাগান পরিদর্শন | [illegible] পন্ন | সংখ্যা | ৫ | ১২০ | [illegible] | ১২০ | ১০৮ | ৯৬ | ৮৪ | ৭২ | [illegible] | ১২০ |
| | | ২. পরিদর্শন আলোকে বাগানের উন্নয়ন অগ্রগতি মূল্যায়ন | অগ্রগতি মূল্যায়িত | সংখ্যা | ৫ | ১২০ | ১২০ | ১২০ | ১০৮ | ৯৬ | ৮৪ | ৭২ | ১২০ | ১২০ |
| ৩. চা কারখানা পরিদর্শন করে কারখানা উন্নতকরণ ও স্বাস্থ্য সম্মতভাবে চা প্রস্তুতে সচেতনতা বৃদ্ধি | ১৫ | ১. চা কারখানা পরিদর্শন | পরিদর্শন সম্পন্ন | সংখ্যা | ৪ | ১২০ | ১২০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | ১২০ |
| ৪. চা শিল্পের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়ন | ৩৫ | ১. পিডিইউ কর্তৃক চা ব্যবস্থাপনার ওপর মডিউল তৈরী | মডিউল তৈরীকৃত | সংখ্যা | ২ | ২২/০১ ২০১৭ | ২০/০১ ২০১৮ | ২০/০১ ২০১৮ | ২০/০২ ২০১৮ | ২৫/০১ ২০১৮ | ০৫/০২ ২০১৮ | ১০/০২ ২০১৮ | ২০/০১ ২০১৯ | ২০/০১ ২০২০ |
| | | ২. পিডিইউ কর্তৃক চা ব্যবস্থাপনার ওপর প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ প্রদত্ত | সংখ্যা (জন) | ৬ | ১০ | ১০ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ১০ | ১০ |

আমি, পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার, চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, বাংলাদেশ চা বোর্ডের, চেয়ারম্যান প্রকল্প উন্নয়ন ইউনিট পরিচাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

--------------------------------------------
পরিচালক
বাংলাদেশ চা বোর্ড
প্রকল্প উন্নয়ন ইউনিট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

২০৬/২০১৮
---------------------------
তারিখ

--------------------------------------------
চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।

২০১৬/০৫
---------------------------
তারিখ

শব্দসংক্ষেপ (Acronym)

| ক্রমিক | শব্দসংক্ষেপ (Acronym) | বর্ণনা (Description) |
|---|---|---|
| ১ | বিটিবি | বাংলাদেশ টি বোর্ড |
| ২ | বিটিআরআই | বাংলাদেশ টি রিসার্চ ইনস্টিটিউট |
| ৩ | পিডিইউ | প্রজেক্ট ডেভেলপমেন্ট ইউনিট |
| ৪ | এম ও সি | মিনিস্ট্রি অব কমার্স |
| ৫ | এম ও এ | মিনিস্ট্রি অব এগ্রিকালচার |
| ৬ | বিটিএ | বাংলাদেশ টি এসোসিয়েশন |

## সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকের মূল্য নির্ধারণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়কারী দপ্তর/ সংস্থা | পরিমাণ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. উচ্চ ফলনশীল চায়ের চারা রোপণ এর মাধ্যমে এলাকা সম্প্রসারণ | চা চাষ এলাকা সম্প্রসারিত | ১৬৪ টি চা বাগানের ভবিষ্যতে চা সম্প্রসারণ যোগ্য এলাকার ৫৬০ হেক্টর জমিতে উচ্চ ফলনশীল চায়ের চাষ সম্প্রসারণ। | বিটিবি, পিডিইউ, বাগান ব্যবস্থাপনা, কৃষি ব্যাংক | চা বোর্ড এর পরিসংখ্যান বুলেটিন, রির্টান-২ | |
| ২. মাঠ পরিদর্শন ও চা সম্প্রসারণ বিষয়ে উদ্বুদ্ধকরণ | সম্পাদিত পরিদর্শন ও উদ্বুদ্ধকরণ | ১২০টি বাগানে মাঠ পর্যায়ে পরিদর্শন সম্পন্ন যা ভাল জাতের চা আবাদ সম্প্রসারণকে উদ্বুদ্ধকরণ করেছে। | পিডিইউ | পিডিইউ এর মনিটরিং প্রতিবেদন | |
| ৩. চা উৎপাদন বৃদ্ধি | বর্ধিত চা উৎপাদন | চা উৎপাদন বৃদ্ধিতে ইতিবাচক প্রভাব তৈরি হয়েছে যার ফলশ্রুতিতে ৭৮.৯৫ মিলিয়ন কেজি চা উৎপন্ন হয়েছে | বিটিবি,পিডিইউ, বাগান ব্যবস্থাপনা,বিটিআরআই | চা বোর্ড এর পরিসংখ্যান বুলেটিন, রির্টান-৩ | |
| ৪. চা কারখানা পরিদর্শন করে কারখানা উন্নতকরন ও স্বাস্থ্যসম্মতভাবে চা উৎপাদনের জন্য সচেতনতা তৈরি করা | সম্পাদিত পরিদর্শন ও সচেতনতা সৃষ্টি | ১০০ টি চা কারখানা পরিদর্শন করে কারখানা উন্নতকরণ ও স্বাস্থ্যসম্মতভাবে চা উৎপাদনের জন্য সচেতনতা তৈরি করা হয়েছে। | পিডিইউ | পিডিইউ এর মনিটরিং প্রতিবেদন | |
| ৫. চা বাগান পরিদর্শন | পরিদর্শন সম্পন্ন | ১২০ টি চা বাগান পরিদর্শন করা হয়েছে যা চা বাগানের সার্বিক তথা চা রোপন এবং চা উৎপাদন বৃদ্ধিতে ইতিবাচক প্রভাব রাখছে। | পিডিইউ | পিডিইউর মনিটরিং প্রতিবেদন | |
| ৬. পরিদর্শন প্রতিবেদনের আলোকে বাগানের উন্নয়ন অগ্রগতি মনিটর | মূল্যায়িত অগ্রগতি | ১২০ টি চা বাগানের পরিদর্শন প্রতিবেদনের আলোকে বাগানের উন্নয়ন ও অগ্রগতি নিবিড় ভাবে পর্যবেক্ষণ এবং বিশ্লেষণ করা হচ্ছে। | পিডিইউ/ বিটিবি | পিডিইউর মাসিক প্রতিবেদন | |
| ৭. পিডিইউ কর্তৃক চা ব্যবস্থাপনার ওপর উচ্চতর প্রশিক্ষণের জন্য মডিউল তৈরী | তৈরীকৃত মডিউল | পিডিইউ কর্তৃক চা ব্যবস্থাপনার উচ্চতর প্রশিক্ষণের জন্য মডিউল তৈরী করা হয়েছে যা বাস্তবায়ন করা হচ্ছে। | পিডিইউ | পিডিইউ এর বার্ষিক প্রতিবেদন | |
| ৮. পিডিইউ কর্তৃক চা ব্যবস্থাপনার ও পর উচ্চতর প্রশিক্ষণ প্রদান | প্রদত্ত প্রশিক্ষণ | পিডিইউ কর্তৃক চা বাগানের ১৫ জন ব্যবস্থাপক/ সহকারী ব্যবস্থাপককে চা ব্যবস্থাপনার ওপর ডিপ্লোমা প্রশিক্ষণ প্রদান হয়েছে। | পিডিইউ | পিডিইউ এর বার্ষিক প্রতিবেদন | |
| ৯. চা শিল্পের উন্নয়নের জন্য ওয়ার্কশপ ও সেমিনার করা | | চা শিল্পের উন্নয়নের জন্য ৫টি ওয়ার্কশপ ও সেমিনার করা হয়েছে যা চা শিল্পের অগ্রগতি অব্যাহত রাখতে সাহায্য করেছে। | বিটিআরআই, বিটিবি, পিডিইউ | বিটিআরআই এর বার্ষিক প্রতিবেদন | |
| ১০. ক্ষুদ্র চা চাষীদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান | | ক্ষুদ্র চা চাষীদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের জন্য ৪টি প্রশিক্ষণের আয়োজন করা। এতে করে ক্ষুদ্রায়তন চা চাষে গতিশীলতা এসেছে। | বিটিআরআই, পিডিইউ | বিটিআরআই ও পিডিইউ এর বার্ষিক প্রতিবেদন | |